

## 37990 - সময়মত ফিতরা আদায় না করে বিলম্ব করা

---

### প্রশ্ন

আমি সফরে থাকায় ফিতরা পরিশোধ করতে ভুলে গেছি। আমার সফর ছিল ২৭ শে রমযান। আমি এখন পর্যন্ত ফিতরা আদায় করিনি?

### প্রিয় উত্তর

যদি কেউ মনে থাকা সত্ত্বেও সময়মত ফিতরা আদায় না করে দেরী করে তাহলে সে গুনাহগার হবে। তার উপর আবশ্যিক হবে আল্লাহর কাছে তওবা করা এবং কাযা পরিশোধ করা। কারণ এটি এমন একটি ইবাদত সময় পার হয়ে গেলে শেষ; নামাযের মত। যেহেতু প্রশ্নকারী বোন উল্লেখ করেছেন যে, তিনি সময়মত পরিশোধ করতে ভুলে গেছেন এক্ষেত্রে তার উপর গুনাহ বর্তাবে না। তবে, তাকে কাযা পরিশোধ করতে হবে। তার গুনাহ না হওয়ার দলিল হচ্ছে ভুলে যাওয়া ব্যক্তির উপর থেকে পাপের দায় রহিত করার দলিলসমূহের সাধারণ হুকুম। আর তার উপর কাযা আবশ্যিক করার কারণ হল ইতিপূর্বে যে কারণ উল্লেখ করা হয়েছে সেটি।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।